# পদত্যাগ করলেন উপদেষ্টা আসিফ মাহমুদ ও মাহফুজ আলম



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের দুই উপদেষ্টা আসিফ মাহমুদ ও মাহফুজ আলম দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছেন। প্রধান উপদেষ্টার কার্যালয় পদত্যাগের বিষয়টি নিশ্চিত করেছে। আজ সন্ধ্যায় যমুনায় ডাকা সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিক ঘোষণা আসতে পারে। এরই মধ্যে আসিফ মাহমুদ নির্বাচনে অংশ নেওয়ার ইঙ্গিত দিলেও কোন দল বা আসন থেকে লড়বেন, তা পরিষ্কার করেননি।

অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া, সমবায় এবং স্থানীয় সরকারবিষয়ক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এবং তথ্য উপদেষ্টা মাহফুজ আলম পদত্যাগ করেছেন। প্রধান উপদেষ্টার কার্যালয় জানিয়েছে, দুজনের পদত্যাগপত্র গ্রহণ করা হয়েছে এবং বিষয়টি আজ সন্ধ্যার সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে জানানো হবে।

আজ বুধবার রাত সোয়া ছয়টায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় আয়োজিত সংবাদ সম্মেলনকে ঘিরে ইতিমধ্যে রাজনৈতিক মহলে নানা আলোচনা চলছে। ধারণা করা হচ্ছে, সেখানে দুজনের পদত্যাগের কারণ ও পরবর্তী ব্যবস্থা সম্পর্কে ব্যাখ্যা দেওয়া হবে।

LENS ASIA

এর আগে দুপুরে এক সংবাদ সম্মেলনে পদত্যাগ প্রসঙ্গে প্রশ্ন করা হলে আসিফ মাহমুদ মন্তব্য এড়িয়ে বলেন, বিষয়টি জানানোর এখতিয়ার তার নেই, প্রধান উপদেষ্টার প্রেস উইংই প্রয়োজনীয় তথ্য দেবে। একই সঙ্গে তিনি আসন্ন জাতীয় নির্বাচনে অংশ নেওয়ার ইচ্ছা প্রকাশ করেন। যদিও কোন দল বা কোন এলাকা থেকে নির্বাচন করবেন, তা স্পষ্ট করেননি। কিছুদিন আগে তিনি কুমিল্লা থেকে পরিবর্তন করে ঢাকা-১০ আসনের ভোটার হন।

অন্যদিকে মাহফুজ আলম প্রথমে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসেবে দায়িত্ব পালন করলেও পরে উপদেষ্টার দায়িত্ব পান তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে। নাহিদ ইসলামের পদত্যাগের পর তাকে এই পদে নিয়োগ দেওয়া হয়।